আজ ঢাকা মাতাবেন নোবেল, অঙ্কিত তিওয়ারি, সানা খান

আজ ঢাকার মঞ্চ মাতাতে এবার হাজির হচ্ছেন বাংলাদেশ ও ভারতের বেশকিছু জনপ্রিয় শিল্পী। ১৯ শে জুলাই (শুক্রবার) একটি জমকালো মিউজিক্যাল ইভেন্টের যৌথভাবে আয়োজন করছে এটিএন ইভেন্টস ও সানগ্লো এন্টারটেইমেন্ট। বাংলাদেশ থেকে ভারতীয় চ্যানেল জি বাংলার ‘সা রে গা মা পা’-এর তারকা বাংলাদেশের গায়ক মাঈনুল আহসান নোবেল গাইবেন। এছাড়াও বর্তমান সময়ের আরেক জনপ্রিয় শিল্পী তাসনিম আনিকা গাইবেন এ অনুষ্ঠানে।

অন্যদিকে ভারত থেকে প্রথমবারের মত রাজধানীর আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরার নবরাত্রী হলে মঞ্চ মাতাতে আসছেন ‘আশিকি ২’ ছবির ‘শুন রাহা হ্যায়’খ্যাত শিল্পী অঙ্কিত তিওয়ারি। বলিউডের বিভিন্ন ছবিতে তার গাওয়া ‘গালিয়া’, ‘কাতরা কাতরা’, ‘তু হে কে নেহি’, ‘বুন্দ বুন্দ’সহ অনেক হিট গান রয়েছে।

এটিএন ইভেন্টস এর ডিরেক্টর মাসুদুর রহমান বলেছিলেন, সানগ্লো এন্টারটেইনমেন্টের সাথে বেশ কয়েকটি অনুষ্ঠান যৌথভাবে করতে যাচ্ছি আমরা। এরমধ্যে অঙ্কিত তিওয়ারি, সানা খান, নোবেল ও আনিকা থাকবেন আজ ১৯ শে জুলাইয়ের অনুষ্ঠানে। শ্রোতাদের নিকট তাদের রয়েছে আলাদা পরিচিতি।

এ কনসার্টে সিলভার এর জন্য ২০০০ টাকা, গোল্ড এর জন্য ৫০০০ এবং ভিআইপি টিকেটের জন্য ১৫০০০ টাকা মূল নির্ধারণ করা হয়েছে।